

গবেষণার আগ্রহ হারাবেন শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক

১৭ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১৭ জুলাই ২০১৯ ০০:০৯

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি অনুষদের ডিন ও

বায়োটেকনোলজি রিসার্চ সেন্টারের সদস্য অধ্যাপক ড. এসএম আব্দুর রহমান বলেন, বিভিন্ন দায়িত্বশীল ব্যক্তি অধ্যাপক আ ব ম ফারুককে নিয়ে যে অপমানজনক কথা বলছেন এবং হুমকি দিচ্ছেন তা বিশ্ববিদ্যালয়ের জ্ঞানচর্চা

ও গবেষণার পরিবেশের জন্য বিরাট হুমকি। তিনি বলেন, এ ধরনের আচরণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকরা মুক্ত গবেষণার প্রতি আগ্রহ হারিয়ে ফেলবেন। এর ফলে উচ্চবিদ্যাপীঠে মুক্তচিন্তা ও নতুন জ্ঞান সৃজনের ক্ষেত্রটি আরও সংকুচিত হয়ে পড়বে।

আমাদের সময়ে অধ্যাপক রহমান আরও বলেন, একজন প্রথিতযশা গবেষক অধ্যাপক ফারুক। তিনি অনেক দিন ধরে এসব বিষয় নিয়ে কাজ করেছেন এবং গবেষণার সঙ্গে যুক্ত আছেন। তার সঙ্গে যদি এমন খারাপ আচরণ করা হয়, তা হলে অন্য গবেষকদের আগ্রহ হারানো তো স্বাভাবিক। ফার্মেসি অনুষদের অনেক শিক্ষক তো আগে থেকেই ভয়ে তার বিরুদ্ধে বিবৃতি দিয়েছেন। তারা আশঙ্কা করতে পেরেছিলেন এ ধরনের গবেষণার দায় নিলে কোনো ঝামেলায় পড়তে হতে পারে। সবার মাঝে পরোক্ষ একটা ভয় কাজ করছে।

advertisement

অধ্যাপক রহমান বলেন, এ গবেষণার ফল নিয়ে সন্দেহ থাকলে সরকারি কর্তৃপক্ষ বিশেষজ্ঞদের নিয়ে আরও গবেষণা ও পরীক্ষা-নিরীক্ষা করে দুধের মান নিয়ে জনমনে সন্দেহের অবসান ঘটাতে পারতেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসেবে অধ্যাপক ফারুক জনগণের প্রতি দায়বদ্ধ। তার দায়বদ্ধতার জায়গা থেকে তিনি গবেষণার ফল প্রকাশ করেছেন। তিনি নীতি নৈতিকতা বিরোধী কোনো কাজ তো করেননি।